

জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম

জন্ম ও মৃত্যু নিবন্ধন কি ?	জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সর্বশেষ সংশোধিত সহ) অনুসারে- জন্ম: কোন ব্যক্তির জীবিত ভূমিষ্ট হওয়া; মৃত্যু: কোন ব্যক্তির জীবনাবসান হওয়া; নিবন্ধন: নিবন্ধন বহিতে কোন ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন করা; নিবন্ধন বহি: হস্তলিখিত উপায়ে বা তথ্য প্রযুক্তির মাধ্যমে সৃজিত এমন কোন বহি, যাহাতে কোন ব্যক্তির জন্ম বা মৃত্যুর তথ্য লিপিবদ্ধ করা হয়।
জন্ম নিবন্ধনের পদ্ধতি	জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর আওতায় একজন মানুষের নাম, লিঙ্গ, জন্মের তারিখ ও স্থান, বাবা মায়ের নাম, তাদের জাতীয়তা এবং স্থায়ী ঠিকানা নির্ধারিত নিবন্ধক কর্তৃক কম্পিউটারে এন্ট্রি প্রদানসহ ডেটাবেইজে সংরক্ষণ এবং জন্ম নিবন্ধন সনদ প্রদান করা।
মৃত্যু নিবন্ধন পদ্ধতি	জন্ম নিবন্ধন হলো জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর আওতায় একজন মৃত ব্যক্তির নাম, মৃত্যুর তারিখ, মৃত্যুর স্থান, লিঙ্গ, পিতা/মাতা বা স্বামী/স্ত্রীর নাম নির্ধারিত নিবন্ধক কর্তৃক কম্পিউটারে এন্ট্রি প্রদানসহ ডেটাবেইজে সংরক্ষণ ও মৃত্যু নিবন্ধন সনদ প্রদান করা।
জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব	<ul style="list-style-type: none"> •জাতিসংঘ শিশু অধিকার সনদের অনুচ্ছেদ ৭ অনুযায়ী “ Every child to be registered immediate after birth ” •বাংলাদেশের জাতীয় শিশু নীতি ২০১১-এর অনু: ৬.১০.১- অনুযায়ী সকল শিশুর জন্মের পর পরই জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে। •শিশুর মৌলিক অধিকার •রাষ্ট্রীয় অধিকার লাভ
জন্ম নিবন্ধন কোথায় করতে হবে?	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশন এর মেয়র বা মেয়র কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কাউন্সিলর বা অন্য কোন কর্মকর্তা, ক্যান্টনমেন্ট বোর্ড এর এক্সিকিউটিভ অফিসার এবং দূতাবাসসমূহের ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন করে থাকেন।
একই ব্যক্তি একাধিকবার জন্ম নিবন্ধন করতে পারবে কি?	একই ব্যক্তির অনুকূলে একাধিকবার জন্ম নিবন্ধন করা যাবে না। এটি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর ২১ ধারা অনুযায়ী দণ্ডনীয় অপরাধ।
একজন ব্যক্তি জন্ম নিবন্ধন হয়েছে কিনা তা কিভাবে পরীক্ষা করবে?	অনলাইনে জন্ম নিবন্ধন করা থাকলে www.orgbdr.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে জন্ম তথ্য যাচাই অপশনে ব্যক্তির ব্যপন নম্বর ও জন্ম তারিখ প্রদান করে জন্ম নিবন্ধন হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া যাবে।
জন্ম নিবন্ধন সনদের ব্যক্তি পরিচিতি নম্বর (ব্যপন) ১৭ ডিজিটে কিভাবে রূপান্তর করতে হবে?	১৭ ডিজিটের কম ব্যপন নম্বর হলে সংশ্লিষ্ট নিবন্ধকের কার্যালয়ে পুরাতন সনদ জমা প্রদান করে ১৭ ডিজিট ব্যপন নম্বর সম্বলিত সনদ নেয়া যাবে।